আসন্ন শারদীয় দুর্গাপূজা/২০২৬ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আরিফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
তারিখঃ ০৮ অক্টোবর ২০২৬ খ্রিঃ।
সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পরিশিষ্ট-" ক "

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর শারদীয় দুর্গাপূজা-২০২৬ উদযাপন উপলক্ষ্যে পুজা মন্ডপসমূহের নিরাপত্তা, আইনশৃংখলা সমুন্নত রাখা ও প্রাসঙ্গিক বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ রাজনৈতিক-৬ শাখায় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীর নির্দেশনার আলোকে এ উপজেলায় শারদীয় দুর্গাপূজা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণভাবে উদযাপনের লক্ষ্যে উপস্থিত সদস্যবৃন্দকে সার্বিক বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	পূজামন্ডপ নির্মাণকালে নিরাপত্তা	নিরাপত্তার স্বার্থে যোগাযোগ করা যায় এমন যায়গায় পূজামন্ডপ স্থাপন করতে হবে।	১। অফিসার ইনচার্জ কিশোরগঞ্জ থানা ২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কিশোরগঞ্জ ৩। চেয়ারম্যান, ইউপি,(সকল) ৪।পূজা উদযাপন কমিটি, (সকল)
০২	পূজামন্ডপ গুলোতে সার্বক্ষনিক নিরাপত্তা নিশ্চিতকরণ	(ক)পূজা উদযাপন কমিটি কর্তৃক পূজামন্ডপসমুহে আইপি ক্যামেরা স্থাপন করতে হবে। স্থাপনকৃত উক্ত আইপি ক্যামেরা/সিসি ক্যামেরার উপজেলা নির্বাহী অফিস এবং কিশোরগঞ্জ থানায় সংযুক্ত করতে হবে। খ) শারদীয় দুর্গা পূজা উপলক্ষে সার্বক্ষণিক মনিটরিং/সেবা প্রদানের জন্য জরুরী সেবা টিম গঠন করতে হবে এবং সংশ্লিষ্ট পূজা উদযাপনের কমিটির সকলের ফোন নম্বর শেয়ার করতে হবে। (গ)নির্ধারিত স্থানে শারদীয় দুর্গাপূজার প্রতীমা বিসর্জন দিতে হবে। (ঘ) শারদীয় দুর্গাপূজা উপলক্ষে সার্বক্ষণিক নিরাপত্তা এবং বড় বড় পূজামন্ডপসমুহে নিরাপত্তার জন্য পুলিশি টহল নিশ্চিত এবং নজরদারি বৃদ্ধি করতে হবে। (ঙ) পূজা উদযাপনকালে প্রতিটি পূজামন্ডপে নিরাপত্তা নিশ্চিত করা এবং পূজামন্ডপে অবস্থিত আনসার সদস্যদের নিকটবর্তী স্থানে আবাসনের ব্যবস্থা করতে হবে। চ) সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত গুজব, মিথ্যা বিভ্রান্তিকর তথ্যসমূহ তাৎক্ষনিকভাবে যাচাই করে সত্যতা নিরুপণ এবং গুজবের বিস্তাররোধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অফিসার ইনচার্জ কিশোরগঞ্জ থানা ২। পূজা উদযাপন কমিটি(সকল) ৩। উপজেলা আনসার ভিডিপি অফিসার, কিশোরগঞ্জ ৪। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ৫। এপি ব্যানবেজ ৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
০৩	দুর্গাপূজায় বিঘ্নসৃষ্টিকারী ও দুষ্কৃতিকারীদের অশুভ তৎপরতা রোধে ব্যবস্থা গ্রহণ	(ক) শারদীয় দুর্গাপূজায় বিঘ্ন সৃষ্টিকারী ও দুস্কৃতিকারীদের অশুভতৎপরতা রোধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) কোন দুষ্কৃতিকারী পূজামন্ডপ এলাকায় বিশৃঙ্খলা সৃষ্টি করলে তাৎক্ষণিকভাবে তাকে গ্রেফতার করে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিকট সোপর্দ করতে হবে।	১। অফিসার ইনচার্জ কিশোরগঞ্জ থানা ২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কিশোরগঞ্জ ৩। চেয়ারম্যান, ইউপি,(সকল) ৪। পূজা উদযাপন কমিটি, (সকল) ৫। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

CamScanner

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৪	দুর্ঘটনারোধে ব্যবস্থা ও উদ্ধার কার্যক্রম গ্রহণ	(ক) পূজামন্ডপে অগ্নিকান্ডসহ অন্যান্য যে কোন দুর্ঘটনারোধে সংশ্লিষ্ট সকলকে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) পূজামন্ডপ কর্তৃপক্ষকে প্রত্যেক পূজামন্ডপে স্থানীয় প্রশাসন, থানা, পুলিশ ফাঁড়ি এবং ফায়ার সার্ভিসের টেলিফোন নম্বর/মোবাইল নম্বর দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে হবে। (গ) (ঙ) প্রতিটি পূজামন্ডপে ৫ কেজি ওজনের একটি Fire Extinguisher রাখতে হবে।	১। অফিসার ইনচার্জ কিশোরগঞ্জ থানা ২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ৩। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কিশোরগঞ্জ ৪। চেয়ারম্যান, ইউপি,(সকল) ৫। পূজা উদযাপন কমিটি, (সকল) তথ্য ও
০৫	পূজামন্ডপে আগত শিশু ও নারী দর্শনার্থীদের নিরাপত্তা নিশ্চিতকরণ	(ক) স্থানীয় বখাটে কর্তৃক পূজামন্ডপে আগত নারী ও শিশুদের উত্যক্ত করা, ইভটিজিং, মাদক সেবন ইত্যাদি রোধে প্রয়োজনীয় কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) প্রতিটি পূজামন্ডপে পুরুষ ও মহিলাদের জন্য পৃথক পৃথক প্রবেশ ও নির্গমন পথ রাখেতে হবে। (গ) পূজামন্ডপের আশে-পাশে ও প্রতিমা বিসর্জনের স্থানসমূহে কোথাও আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটলে বা অনাকাক্ষিত কোন ঘটনা ঘটলে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পূজামন্ডপের সংশ্লিষ্ট কমিটি কর্তৃক তাৎক্ষণিকভাবে স্থানীয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করতে হবে।	১। অফিসার ইনচার্জ কিশোরগঞ্জ থানা ২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ৩। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কিশোরগঞ্জ ৪। চেয়ারম্যান, ইউপি,(সকল) ৫। পূজা উদযাপন কমিটি, (সকল)
০৬	বিদ্যুৎ সরবরাহ নিরবচ্ছিন্ন রাখা	ক) শারদীয় দুর্গা উৎসব চলাকালে বিশেষ করে পূজামন্ডপ এলাকায় বিদ্যুৎ সরবরাহ নিরবচ্ছিন্ন রাখার পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ বিষয়ে পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নেসকো, লি.সহ অন্যান্য বিদ্যুৎ সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) বিদ্যুতের বিকল্প ব্যবস্থা হিসেবে পূজামন্ডপ কর্তৃপক্ষকে নিজ নিজ পূজামন্ডপে জেনারেটরসহ পর্যাপ্ত চার্জার লাইটের ব্যবস্থা রাখতে হবে এবং বিদ্যুৎ বিভ্রাট বা যেকোনো জরুরী পরিস্থিতি মোকাবেলায় পূজা মন্ডপে পর্যাপ্ত সংখ্যক মানসম্মত রিচার্জেবল (Rechargeable)/এসি-ডিসি (AC-DC) লাইটের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। (গ) বিদ্যুতের ত্রুটিপূর্ণ সংযোগ থেকে বা অন্য কোন কারণে যেন কোন প্রকার অগ্নিকান্ড কিংবা দুর্ঘটনা ঘটতে না পারে সে বিষয়ে সংশ্লিষ্টদের কে আগাম সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ২। বাংলাদেশ পল্লী বিদ্যুৎ সমিতি, কিশোরগঞ্জ ৩। নেসকো লি. কিশোরগঞ্জ ৩। পূজা উদযাপন কমিটি, (সকল)
০৭	স্বেচ্ছাসেবক নিয়োজিতকরণ	সংশ্লিষ্ট প্রত্যেক পূজা মন্ডপের পূজা উদযাপন কমিটিসমূহকে পূজামন্ডপের সার্বক্ষণিক নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় সংখ্যক স্বেচ্ছাসেবক এবং পাহারাদার (পালাক্রমে দিনে কমপক্ষে ৩জন এবং রাতে ৪জন) নিয়োজিত করতে হবে। স্বেচ্ছাসেবকদেরকে আবশ্যিকভাবে আর্ম-ব্যান্ড পরিধান এক কার্লারের টি শার্ট ও পরিচিতি কার্ড গলায় ঝুলিয়ে রাখার জন্য নির্দেশনা প্রদান করতে হবে। প্রয়োজনীয় ক্ষেত্রে নারী দর্শনার্থীদের দেহ তল্লাশির জন্য নারী সেচ্ছাসেবক নিয়োজিত করতে হবে। নিয়োজিত সকল স্বেচ্ছাসেবকদের নাম, মোবাইল নম্বরসহ তালিকা উপজেলা নির্বাহী অফিসার এবং থানার অফিসার ইনচার্জের নিকট প্রদান করতে হবে।	১। পূজা উদযাপন কমিটি, (সকল)

CamScanner

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৮	নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন	(ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে একটি নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করা হবে। এ নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর ০১৭০০৭১৭১৫৬ পূজা উদযাপন কমিটি ও সংশ্লিষ্টদের অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়	সংশ্লিষ্ট সকল
		(খ) বিভিন্ন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রধান এবং সংশ্লিষ্টদের নিয়ে একটি হোয়াটস্ অ্যাপস গ্রুপ গঠন করতে হবে। যাতে কোথায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হলে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণ করা যায়	সংশ্লিষ্ট সকল
০৯	আযান ও নামাজের সময় বাদ্যযন্ত্র ও মাইকের ব্যবহার বন্ধ রাখা	আযান ও নামাজের সময়ে পূজামন্ডপগুলোতে শব্দ যন্ত্রের ব্যবহার আবশ্যিকভাবে বন্ধ রাখতে হবে এবং কোনো ব্যক্তি বা গোষ্ঠী যাতে কোনো প্রকার ধর্মীয় উস্কানিমূলক বা হিংসাত্মক বক্তব্য প্রদান করে সমাজে বিভ্রান্তি বা অস্থিরতা সৃষ্টি করতে না পারে, সে ব্যাপারে মসজিদের খতিব, ইমাম ও ধর্মীয় বক্তাগণকে সচেতন করা এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। ফিল্ড সুপারভাইজার, কিশোরগঞ্জ, নীলফামারী ২। খতিব, সকল জামে মসজিদ, কিশোরগঞ্জ ৩। পূজা উদযাপন কমিটি, (সকল)
১০	ডেঙ্গু প্রতিরোধে করণীয়	পূজামন্ডপের আশে-পাশে কোথাও যাতে পানি না জমে সে বিষয়ে সতর্কতা অবলম্বনসহ চারপাশ পরিষ্কার-পরিছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করতে হবে।	পূজা উদযাপন কমিটি, (সকল)
১১	সকল বাহিনী ও স্বেচ্ছাসেবকদের যৌথ অংশগ্রহণে একটি কার্যকর **'সমন্বিত নিরাপত্তা ও ব্যবস্থাপনা প্ল্যান তৈরি করা**	সকল বাহিনী ও স্বেচ্ছাসেবকদের যৌথ অংশগ্রহণে একটি কার্যকর **'সমন্বিত নিরাপত্তা ও ব্যবস্থাপনা প্ল্যান তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**	১।অফিসার ইনচার্জ কিশোরগঞ্জ থানা ২।পূজা উদযাপন কমিটি, (সকল)
১২	বিবিধ	(ক)পূজা উপলক্ষ্যে মেলা কিংবা অন্য কোন অনুষ্ঠানের আয়োজনকে নিরুৎসাহিত করা হবে। পূজা চলাকালীন আশেপাশে মাদক, হাউজি কিংবা জুয়ার আসর যাতে বসতে না পারে এ বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক কঠোর সতর্কতা অবলম্বন করতে হবে (খ) প্রতিমা বিসর্জন দেয়ার পর পূজামন্ডপ/মন্দিরসহ অন্য কোন স্থানে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা যাবে না। (গ) পূজা উদযাপন কমিটিকে মন্ডপের দায়িত্বে নিয়োজিত বাংলাদেশ পুলিশের পাশাপাশি আনসার সদস্যদের সার্বিক সহযোগিত করার জন্য অনুরোধ করা হলো। (ঘ)শারদীয় দুর্গাপূজা উদযাপনকে কেন্দ্র করে পূজা মন্ডপ বা তৎসংলগ্ন এলাকায় কোনো ব্যক্তি বা গোষ্ঠী যাতে নিজেদের কোনো রূপ রাজনৈতিক এজেন্ডা বাস্তবায়ন বা কায়েমি স্বার্থ হাসিল করতে না পারে, সে ব্যাপারে সংশ্লিষ্টদের সার্বক্ষণিক সজাগ ও সতর্ক থাকতে হবে। **(ঙ)"স্বেচ্ছাসেবক টিম"** গঠন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। গঠিত স্বেচ্ছাসেবী টিমের নাম, সদস্য সংখ্যা এবং যোগাযোগ নম্বরসহ তালিকা আগামী ১৩ অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে নিম্নে স্বাক্ষরকারী বরাবর জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। (চ) শারদীয় দুর্গাপূজা সুষ্ঠু ও নিরবচ্ছিন্নভাবে পর্যবেক্ষণের লক্ষ্যে উপজেলার প্রতিটি পূজা মন্ডপে **০১ (এক) জন প্রাথমিক শিক্ষক** এবং **০১ (এক) জন মাধ্যমিক শিক্ষক-কে**	১। অফিসার ইনচার্জ কিশোরগঞ্জ থানা ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা শিক্ষা অফিসার ৩।পূজা উদযাপন কমিটি, (সকল) ৪। সংশ্লিষ্ট সকল

CamScanner

		নিযুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। (ছ) মন্ডপ পরিচালনা সংক্রান্ত তথ্য আদান-প্রদান, জরুরি যোগাযোগ এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সুবিধার্থে প্রতিটি মন্দির পরিচালনা কমিটির সভাপতি, সাধারণ সম্পাদকসহ নির্বাহী সদস্যদের নাম, পদবি এবং সক্রিয় মোবাইল নম্বর সম্বলিত হালনাগাদ তালিকা উপজেলা প্রশাসনের নিকট প্রেরণ করতে হবে। (জ) আগামী **১৬ অক্টোবর ২০২৬ খ্রি. তারিখ হতে পূজা সমাপ্তি না হওয়া পর্যন্ত** উপজেলা পরিষদে একটি সার্বক্ষণিক (২৪/৭) **'কন্ট্রোল রুম'** খোলা এবং বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে **ডিউটি রোস্টার (Dutiy Roster) প্রস্তুত করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের সার্বিক তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**	

উপরের সিদ্ধান্ত ছাড়াও আসন্ন শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষ্যে কোন অপরাধমূলক বা শান্তি বিনষ্টকারী কাজ না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। পূজার আইন শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কিত কোন স্পর্শকাতর কিংবা কোন গোপন খবর/তথ্য পাওয়া মাত্রই কন্ট্রোল রুমের টেলিফোন/মোবাইলে নং ও উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ মোবাইল নম্বর-০১৭৩৩৩৯০৬৬৫ এবং অফিসার ইনচার্জ, কিশোরগঞ্জ থানার মোবাইল নম্বর-০১৩২০১৩৫৪৫৪ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ০১৭০০৭১৭১৫৬ এ জরুরীভিত্তিতে জানানোর জন্য অনুরোধ করা হলো।

আসন্ন শারদীয় দুর্গাপূজা উদযাপন ২০২৬ উপলক্ষে বিভিন্ন কমিটি গঠন করা হয়

উপজেলা মনিটরিং [redacted]-কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্র নং	নাম ও পদবী	কমিটিতে পদবী
০১	উপজেলা কৃষি অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সভাপতি
০২	উপজেলা প্রকৌশলী, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৩	অফিসার ইনচার্জ, কিশোরগঞ্জ থানা, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৪	উপজেলা যুব উন্নয়ন অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৫	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৬	উপজেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৮	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৯	উপজেলা আইসিটি অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
১০	উপ-সহকারী প্রকৌশলী, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
১১	মো: রেজাউল ইসলাম, সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিস, কিশোরগঞ্জ	সদস্য
১২	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য সচিব

উপজেলা আইনশৃঙ্খলা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্র নং	নাম ও পদবী	কমিটিতে পদবী
০১	সহকারী কমিশনার(ভূমি), কিশোরগঞ্জ, নীলফামারী	সভাপতি
০২	সংশ্লিষ্ট দপ্তর প্রধান(সকল)	সদস্য
০৩	সভাপতি, উপজেলা বিএনপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৪	আমীর, বাংলাদেশ জামায়াতে ইসলামি, কিশোরগঞ্জ উপজেলা শাখা	সদস্য
০৫	সভাপতি, এনসিপি, কিশোরগঞ্জ উপজেলা শাখা	সদস্য
০৬	চেয়ারম্যান, সকল ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৭	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৮	সভাপতি/সাধারণ সম্পাদক, স্কাউট, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৯	উপ-দলনেতা, রেডক্রিসেন্ট, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
১০	ইউপি প্রশাসনিক কর্মকর্তা (সংশ্লিষ্ট) ইউপি সকল, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
১১	মো: রেজাউল ইসলাম, সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিস, কিশোরগঞ্জ	সদস্য
১২	অফিসার ইনচার্জ, কিশোরগঞ্জ থানা, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য সচিব

CamScanner

সিসি ক্যামেরা স্থাপন উপ-কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্র নং	নাম ও পদবী	কমিটিতে পদবী
০১	অফিসার ইনচার্জ, কিশোরগঞ্জ থানা, কিশোরগঞ্জ, নীলফামারী	সভাপতি
০২	সাধারণ সম্পাদক, উপজেলা বিএনপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৩	সেক্রেটারী, বাংলাদেশ জামায়াতে ইসলামি, কিশোরগঞ্জ উপজেলা শাখা	সদস্য
০৪	সভাপতি/সেক্রেটারী, সংশ্লিষ্ট মন্দির কমিটি, কিশোরগঞ্জ উপজেলা	সদস্য
০৫	চেয়ারম্যান(সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৬	এপি ব্যানবেজ, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৭	ইউপি প্রশাসনিক কর্মকর্তা (সংশ্লিষ্ট), ইউপি সকল, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৮	উপ-সহকারী কৃষি কর্মকর্তা, (সংশ্লিষ্ট), ইউপি সকল, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৯	উপজেলা আইসিটি অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য সচিব

ট্যাগ অফিসার (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্র নং	নাম ও পদবী	মোবাইল নং	ইউনিয়নের নাম
০১	(ক)জনাব মো: আমিনুল ইসলাম, ইন্সপেক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কিশোরগঞ্জ, নীলফামারী (খ)জনাব মো: মিনহাজুল ইসলাম, উপসহকারী কৃষি কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী	০১৭১২৬৬৫৪০৩ ০১৭৬৭৪৮২২৩৭	বড়ভিটা ইউপি
০২	(ক)জনাব মোঃ শরিফুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, কিশোরগঞ্জ, নীলফামারী (খ) মোঃ আখতারুল হক, উপ-সহকারী কৃষি কর্মকর্তা পুটিমারী ইউনিয়ন, কিশোরগঞ্জ, নীলফামারী	০১৬২৮৫৫৯৪৬৮ ০১৭৪৩০৬৯৮৮৬	পুটিমারি ইউপি
০৩	(ক)জনাব মোঃ জিয়াউর রহমান, সহকারী উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী (খ)জনাব মোঃ আব্দুল আউয়াল, উপ-সহকারী কৃষি কর্মকর্তা নিতাই ইউনিয়ন, কিশোরগঞ্জ, নীলফামারী	০১৭৩৬-৫৮৫৮০৮ ০১৭৬১-৭০৯২২৯	নিতাই ইউপি
০৪	(ক)জনাব মোঃ মাইদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, কিশোরগঞ্জ, নীলফামারী (খ)জনাব মোঃ স্বপন সরকার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা বাহাগিলি ইউনিয়ন, কিশোরগঞ্জ, নীলফামারী	০১৩৩২-৫৩৫৩৭১ ০১৭৬০৮৮২২৫৪	বাহাগিলি ইউপি
০৫	(ক)জনাব মোঃ হাবিবুল্লাহ, একাডেমিক সুপারভাইজার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কিশোরগঞ্জ, নীলফামারী (খ)জনাব মোঃ নুরুজ্জামান সরকার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, ০৫ নং চাঁদখানা ইউপি	০১৭১৩-৭৩৮৫৩৫ ০১৭৪৩৪০৫৯৪৪	চাঁদখানা ইউপি
০৬	(ক)জনাব মোঃ আল-মিজানুর রহমান, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী (খ)জনাব মোঃ আব্দুল লতিফ, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, বিশোরগঞ্জ ইউনিয়ন, কিশোরগঞ্জ, নীলফামারী	০১৭১৭-৫৬৫৫১৬ ০১৭১৯০০২৬৪৪	কিশোরগঞ্জ ইউপি
০৭	(ক)জনাব বাসুদেব রায়, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী (খ)জনাব মোঃ হাবিবুর রহমান, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, রনচন্ডি ইউনিয়ন, কিশোরগঞ্জ, নীলফামারী	০১৭২২-৪১৮৪৮৮ ০১৭৪০৫৯৭৫৮৩	রনচন্ডি ইউপি
০৮	(ক)জনাব মোঃ হাবিবুর রহমান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী (খ)জনাব হরিপদ রায়, উপ-সহকারী কৃষি কর্মকর্তা গাড়াগ্রাম ইউনিয়ন, কিশোরগঞ্জ, নীলফামারী	০১৭৮৮৭৮৮৬১২ ০১৭৯৪৯৬২৮৪৩	গাড়াগ্রাম ইউপি
০৯	(ক)জনাব মোঃ আতাউর গনি ওসমানী সহকারী উপজেলা শিক্ষ্য অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী (খ)জনাব মোঃ মাসুদ রানা উপ-সহকারী কৃষি কর্মকর্তা, মাগুড়া ইউনিয়ন, কিশোরগঞ্জ, নীলফামারী	০১৭১৮-৫৪০০৭৬ ০১৭৩৫-৫৯৫৯৮৮	মাগুড়া ইউপি

CamScanner

উপজেলা মন্ডপ পরিদর্শন ও ঝুঁকি মুল্যায়ন কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্র নং	নাম ও পদবী	কমিটিতে পদবী
০১	উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী	সভাপতি
০২	উপজেলা সমাজসেবা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৩	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৪	উপজেলা যুব উন্নয়ন অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৫	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৬	উপজেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৭	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৮	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৯	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
১০	চেয়ারম্যান(সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
১১	ইউপি প্রশাসনিক কর্মকর্তা (সংশ্লিষ্ট) ইউপি সকল, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
১২	জনাব মো: ফুয়াদ মমতাজ, সার্ট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, কিশোরগঞ্জ	সদস্য
১৩	ওসি তদন্ত, কিশোরগঞ্জ থানা, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য সচিব

অগ্নিনিরাপত্তা ও দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্র নং	নাম ও পদবী	কমিটিতে পদবী
০১	উপজেলা সমাজসেবা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সভাপতি
০২	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৩	উপজেলা যুব উন্নয়ন অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৪	উপজেলা ফুড অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৫	চেয়ারম্যান(সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৬	অফিসার ইনচার্জ, কিশোরগঞ্জ থানা, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৭	মো: রেজাউল ইসলাম, সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিস, কিশোরগঞ্জ	সদস্য
০৮	স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য সচিব

চিকিৎসা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্র নং	নাম ও পদবী	কমিটিতে পদবী
০১	উপজেলা স্বাস্থ্য ও প : প: কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী	সভাপতি
০২	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৩	উপজেলা পরিবার পকিল্পনা কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য সচিব

জন সচেতনতা কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্র নং	নাম ও পদবী	কমিটিতে পদবী
০১	সহকারী কমিশনার(ভূমি), কিশোরগঞ্জ, নীলফামারী	সভাপতি
০২	সংশ্লিষ্ট দপ্তর প্রধান(সকল)	সদস্য
০৩	সভাপতি, উপজেলা বিএনপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৪	আমীর, বাংলাদেশ জামায়াতে ইসলামি, কিশোরগঞ্জ উপজেলা শাখা	সদস্য
০৫	সভাপতি, এনসিপি, কিশোরগঞ্জ উপজেলা শাখা	সদস্য
০৬	চেয়ারম্যান, সকল ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৭	ইউপি প্রশাসনিক কর্মকর্তা (সংশ্লিষ্ট) ইউপি সকল, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৮	অফিসার ইনচার্জ, কিশোরগঞ্জ থানা, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৯	এপি ব্যানবেজ, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
১০	জনাব মো: ফুয়াদ মমতাজ, সার্ট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, কিশোরগঞ্জ	সদস্য
১১	ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সকল ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
১২	গ্রাম পুলিশ(সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
১৩	উপজেলা আইসিটি অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য সচিব

প্রতিমা বিসর্জন উপ-কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্র নং	নাম ও পদবী	কমিটিতে পদবী
০১	অফিসার ইনচার্জ, কিশোরগঞ্জ থানা, কিশোরগঞ্জ, নীলফামারী	সভাপতি
০২	স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য

CamScanner

০৩	সাংগঠনিক সম্পাদক, উপজেলা বিএনপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৪	সেক্রেটারী, বাংলাদেশ জামায়াতে ইসলামি, কিশোরগঞ্জ উপজেলা শাখা	সদস্য
০৫	চেয়ারম্যান, সকল ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৬	ইউপি প্রশাসনিক কর্মকর্তা (সংশ্লিষ্ট) ইউপি সকল, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৭	জনাব লক্ষণ চন্দ্র রায়, আহবায়ক, বাংলাদেশ পূজা উদযাপন ফ্রন্ট, কিশোরগঞ্জ উপজেলা শাখা	সদস্য
০৮	সুফি আমানত শাহ, অফিস সহকারী কম্পিউটার অপারেটর, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৯	উপজেলা আনসার ভিডিপি অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য সচিব

যানজট নিরসন উপ-কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্র নং	নাম ও পদবী	কমিটিতে পদবী
০১	অফিসার ইনচার্জ, কিশোরগঞ্জ থানা, কিশোরগঞ্জ, নীলফামারী	সভাপতি
০২	জনাব ইবনে সাঈদ সুজন, সাংগঠনিক সম্পাদক, উপজেলা বিএনপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৩	শিক্ষীর আহমেদ, সহকারী সেক্রেটারী, বাংলাদেশ জামায়াতে ইসলামি, কিশোরগঞ্জ উপজেলা শাখা	সদস্য
০৪	সভাপতি/সেক্রেটারী, সংশ্লিষ্ট পূজা উদযাপন কমিটি, কিশোরগঞ্জ উপজেলা শাখা	সদস্য
০৫	জনাব লক্ষণ চন্দ্র রায়, আহবায়ক, পূজা উদযাপন ফ্রন্ট, কিশোরগঞ্জ উপজেলা শাখা	সদস্য
০৬	জনাব দেবাশীষ রায়, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর,	সদস্য
০৭	গ্রাম পুলিশ(সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৮	উপজেলা আনসার ভিডিপি অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য-সচিব

ইউনিয়ন আইনশৃঙ্খলা কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্র নং	নাম ও পদবী	কমিটিতে পদবী
০১	চেয়ারম্যান, সংশ্লিষ্ট (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সভাপতি
০২	সভাপতি, ইউনিয়ন বিএনপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৩	আমীর/সভাপতি, বাংলাদেশ জামায়াতে ইসলামি, ইউনিয়ন শাখা, কিশোরগঞ্জ নীলফামারী	সদস্য
০৪	জনাব মো: রেজাউল ইসলাম, সহকারী প্রশাসনিক কর্মকর্তা, কিশোরগঞ্জ নীলফামারী	সদস্য
০৫	ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সংশ্লিষ্ট (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৬	উপসহকারী কৃষি কর্মকর্তা, সংশ্লিষ্ট (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৭	ইউপি প্রশাসনিক কর্মকর্তা (সংশ্লিষ্ট) ইউপি সকল, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য সচিব

ওয়ার্ড আইনশৃঙ্খলা কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্র নং	নাম ও পদবী	কমিটিতে পদবী
০১	সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সভাপতি
০২	গ্রাম পুলিশ, সংশ্লিষ্ট সকল ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী	সদস্য
০৩	স্থানীয় গণ্যমান্য ব্যক্তি	সদস্য

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় এ উপজেলায় আসন্ন শারদীয় দুর্গাপূজা/২০২৬ সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণভাবে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা পূর্বক উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৫/১০/২৬

(মোঃ আরিফুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্মারকনং-০৫.৪৭.৭৩৮৫.০০০.০৭.০১.২৪-১০৯২ তারিখ: ০৮ অক্টোবর ২০২৬ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১ জাতীয় সংসদ সদস্য নীলফামারী-৪/ সংরক্ষিত আসন
০২ জেলা প্রশাসক, নীলফামারী।
০৩ পুলিশ সুপার, নীলফামারী।
০৪ চেয়ারম্যান,.....ইউপি(সকল), কিশোরগঞ্জ, নীলফামারী।
০৫ উপজেলা .....অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৬ সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭ আহবায়ক, বাংলাদেশ পূজা উদযাপন ফ্রন্ট, কিশোরগঞ্জ উপজেলা শাখা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৮ জনাব..... কিশোরগঞ্জ, নীলফামারী।
০৯ অফিস কপি।

০৮/১০/২৬

উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী

CamScanner